আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ৩০ মার্চ ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ০৪.০০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, হাওড় অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫০ জন খামারীকে ৫০ কেজি করে মুরগীর খাদ্য বিতরন করব হয়। প্রাণীসম্পদ প্রদর্শণী ২০২৩ সফল করার জন্য সকল দপ্তরকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিকিউরিটির ব্যাস্থা গ্রহণ করা এবং হাসপাতালের নিরাপত্তার স্বার্থে পেছনের গেইট বন্ধ করা প্রয়োজন। পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী বিদ্যুৎ বিভাগকে অনুরোধ করেন। আবাসিক ভবনসমূহ রং করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। পুরাতন ভবনসমূহ পরিদর্শন সাপেক্ষে পরিত্যক্ত কি না তার ঘোষনা করার ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার প্রকৌশল বিভাগকে অনুরোধ জানান। অপারেশন থিয়েটার চালুর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির সরবরাহের জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসরকে অনুরোধ করেন। এর এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>০৫. এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা কৃষি অফিস কর্তৃক গত মাসে কৃষকদের মাঝে আউশের প্রনোদনা বিতরণ করা হয়েছে। প্রত্যেকে ৫ কেজি করে বীজ ডিএপি সার ২০ কেজি, এমওপি সার ১০ কেজি করে পেয়েছেন। এছাড়া ৬০০ জন কৃষকের মাঝে বিজেরআর আই তোষাপাট-৮ প্রদান করা হয়েছে। প্রতি কৃষক ১ কেজি বীজ পেয়েছেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে । | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, পাইকদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দক্ষিন পার্শ্বে নদী প্রবাহমান। বিদ্যালয়ের পিছনে ১ টি পুকুর আছে। তাই বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল অত্যাবশ্যক। বাদে আড়তলী নব্য সরকারী প্রাথমিক বিদ্যালয়েও বাউন্ডারী ওয়াল অত্যাবশ্যক। জমি বেদখলের সম্ভাবনা দেখা দিয়েছে। উপজেলা প্রকৌশলী মহোদয়ের অফিসের বাথরুমের পানে নিচতালায় পরে তাই শিক্ষা অফিসের বাথরুমগুলো ব্যবহারে অসুবিধা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে। | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় আটপাড়া উপজেলার সকল প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার জরিপ কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত ভাতাভোগীদের ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, উপজেলা পরিষদের আবাশিক এলাকায় (হাশকুড়ি ও শাপলা) পরিত্যাক্ত ভবন দুটি ভপসারন প্রয়োজন। উপজেলা পরিষদের আওতাধীন হাশকুড়ি বিল্ডিং ও শাপলা বিল্ডিং এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপন এবং নিলামের মাধ্যমে অপসারনে জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের সদয় অনুমোদন প্রদান ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা যেতে পারে। তিনি আরো জানান যে, উপজেল পরিষদ বাউন্ডারী ওয়াল নির্মাণের সুবিধার্থে উপজেলা পরিষদ হলরুমের পার্শ্বে ছোট দুটি জাম গাছ কর্তন করা প্রয়োজন। তিনি বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের কর্যালয়ে স্থাপিত উপজেলা সর্ভার রুমটি এ কর্যালয়ের ছাদে নির্মাণের জন্য একটি সার্ভার রুম করা প্রয়োজন। এ জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে সার্ভার রুম স্থাপনের প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। এছাড়াও উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন খাতে বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্প তালিকা নিম্নবর্ণিতভাবে প্রকল্পসমূহ বাস্তবায়নের স্বার্থে উক্ত প্রকল্প তালিকা অনুমোদন প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. উপজেলা পরিষদের আওতাধীন হাশকুড়ি বিল্ডিং ও শাপলা বিল্ডিং এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপন এবং নিলামের মাধ্যমে অপসারনে জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের সদয় অনুমোদনের প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২. উপজেল পরিষদ বাউন্ডারী ওয়াল নির্মাণের সুবিধার্থে উপজেলা পরিষদ হলরুমের পার্শ্বে ছোট দুটি জাম গাছ নিলামের মাধ্যমে কর্তন করা সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০৩. উপজেলা নির্বাহী অফিসারের কর্যালয়ে স্থাপিত উপজেলা সর্ভার রুমটি এ কর্যালয়ের ছাদে নির্মাণের জন্য একটি সার্ভার রুম করা এ জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে সার্ভার রুম স্থাপনে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪. ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তালিকা সর্বসম্মতভাবে গৃহীত হয়। সকল কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. উপজেল বন কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |

২০২২-২০২৩ অর্থ বছরে **বার্ষিক উন্নয়ন কর্মসূচী** (এডিপি) এর আওতায় নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীনপিআইসির মাধ্যমে গৃহিত স্কীমের

তাি ঃ-

| ক্র: নং | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | স্বরমুশিয়া | রূপচন্দ্রপুর সালামের বাড়ির নিকট হতে কোণাপাড়া মগড়া নদীর পাড় পর্যন্ত রাস্তায় ২ (দুই)টি ইউ-ড্রেন নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ২। | স্বরমুশিয়া | কান্দাপাড়া গুচ্ছ গ্রামের সাথে বড় ১ (এক)টি ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ৩। | শুনই | স্বল্প শুনই মাদ্রাসার রাস্তায় বুলবুল খাঁর বাড়ির দক্ষিণ পার্শ্বে রাস্তার উপর ১ (এক)টি ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ৪। | শুনই | নারাচাতল সি.সি. রাস্তায় রবিউলের পুকুরের পার্শ্বে রাস্তায় প্যালিসেডিং। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫। | লুনেশ্বর | দেওগাঁও হামজা মিয়ার জমির উপর ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ৬। | লুনেশ্বর | কুতুবপুর এরশাদ মিয়ার বাড়ির পার্শ্বে ১টি ও আবুল কালামের জমির উপর ১টিসহ মোট ২টি ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ৭। | বানিয়াজান | চাড়িয়া গ্রামের ফরিঙ্গা বিলের হাওরে নতুন রাস্তায় খায়রুলের ক্ষেতের পার্শ্বে ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ৮। | বানিয়াজান | চাড়িয়া হাওরে খোকনের ক্ষেতের পার্শ্বে নতুন রাস্তায় ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ৯। | বানিয়াজান | বাখরপুর কুমার পাড়া হরি মন্দির উন্নয়ন। | ১০০০০০.০০ | পিআইসি |
| ১০। | | চাড়িয়া বাঘরা বিলের হাওরে নতুন রাস্তায় ডাঃ নারায়ণ পালের ক্ষেতের পার্শ্বে ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ১১। | তেলিগাতী | তেলিগাতী ইউনিয়নের বিভিন্ন বাড়িতে ও প্রতিষ্ঠানে নলকূপ স্থাপন। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১২। | তেলিগাতী | শ্রীপুর গ্রাম হতে দিয়াড়া বাজার রাস্তায় ফজর আলীর ক্ষেতের নিকট ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৩। | দুওজ | দুওজ ইউনিয়নে ১নং হতে ৯নং ওয়ার্ডে দরিদ্র জনসাধারণের বাড়িতে স্যানিটারী ল্যাট্রিন সরবরাহ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৪। | দুওজ | দুওজ ইউনিয়নের বিভিন্ন রাস্তায় ১ ফুট ডায়া রিং পাইপ স্থাপন। | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৫। | সুখারী | তারাচাপুর আমতলা বাজার হতে মসজিদ পর্যন্ত রাস্তায় মঞ্জিলের বাড়ির পার্শ্বে ১টি ইউ-ড্রেন নির্মাণ ও হাতিয়া বেজ্গাই জাঙ্গালের ওয়াসিমের ক্ষেতের পার্শ্বে ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৬। | সুখারী | সুখারী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে নলকূপ সরবরাহ। | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৭। | ভাইস চেয়ারম্যান (পুরুষ) | আল-আমীন এতিম খানা মেরামত ও আসবাবপত্র সরবরাহ। | ১৫০০০০.০০ | পিআইসি |
| ১৮। | ভাইস চেয়ারম্যান (পুরুষ) | সিরাজাম মুনিরা দাখিল মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | ১৫০০০০.০০ | পিআই |
| ১৯। | নারী উন্নয়ন ফোরাম | আটপাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ইউনিয়নের গরীব অসহায় দুঃস্থ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ। | ২০০০০০.০০ | পিআই |
| ২০। | ভাইস চেয়ারম্যান (মহিলা) | দুওজ ইউনিয়নের শ্রীরামপাশা গ্রামে সঞ্জুর বাড়ির রাস্তা হতে মহিলা ভাইস চেয়ারম্যানের বাড়ির সামনে ১টি ইউ-ড্রেন নির্মাণ এবং স্বরমুশিয়া ইউনিয়নে আগ বাশাটি গ্রামে রতনের বাড়ির সামনে রাস্তায় ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | পিআই |
| ২১। | ভাইস চেয়ারম্যান (মহিলা) | স্বরমুশিয়া ইউনিয়নে রামেশ্বরপুর গ্রামে বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলামের বাড়ির ডান পার্শ্বে ১টি ইউ-ড্রেন এবং দেশীউড়া গ্রামে মোজাম্মেলের বাড়ীর সামনে রাস্তায় ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ২০০০০০.০০ | পিআই |
| ২২। | লুনেশ্বর | লুনেশ্বর ইউনিয়নে নারায়ণপুর রাস্তায় নিরঞ্জনের ক্ষেতের পাশে ও কালী ঘরের পশ্চিম পাশে ইউ-ড্রেন নির্মাণ (২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দ না থাকার কারণে বিলটি পরিশোধ করা হয়নি। ২০২২-২০২৩ অর্থবছরে বিলটি পরিশোধ করা হবে)। | ১০০০০০.০০ | ২০২১-২ অর্থব বরাদ্দ থাক |
| ২৩। | লুনেশ্বর | লুনেশ্বর ইউনিয়নে ৪নং ও ৫নং ওয়ার্ডে নলকূপ স্থাপন (২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দ না থাকার কারণে বিলটি পরিশোধ করা হয়নি। ২০২২-২০২৩ অর্থবছরে বিলটি পরিশোধ করা হবে)। | ১০০০০০.০০ | ২০২১- অর্থব বরাদ থাক |
| ২৪। | | আনুষঙ্গিক (০.৫%) (নির্দেশিকা মোতাবেক) | ৪০০০০.০০ | |
| | | মোট= | ৩২৪০০০০.০০ | |

২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন টেন্ডারের মাধ্যমে গৃহিত স্কীমের তালিকাঃ-

| ক্র: নং | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | স্বরমুশিয়া | স্বরমুশিয়া ফাজিল মাদ্রাসা বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৫৫১০০০.০০ | টেন্ডার |
| ২। | শুনই | শিমুলতলা গ্রামের মৌলা মিয়ার ক্ষেতের পাশে রাস্তা হতে আল্লাদের ক্ষেতের পার্শ্বে রাস্তায় প্যালিসেডিং। | ৪৭০০০০.০০ | টেন্ডার |
| ৩। | লুনেশ্বর | জয় নগর প্রাথমিক বিদ্যালয় রাস্তায় লাহুত মিয়ার বাড়ি হতে ঐ গ্রামের জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ। | ৫৫১০০০.০০ | টেন্ডার |
| ৪। | বানিয়াজান | মোবারকপুর পশ্চিমপাড়া শাফির বাড়ির পুকুর পাড় হতে সরকার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৫। | বানিয়াজান | আটপাড়া কলেজে আসবাবপত্র সরবরাহ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৬। | বানিয়াজান | মোবারকপুর পশ্চিমপাড়া ঈদগাহ মাঠে নিমঘর নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৭। | বানিয়াজান | মোবারকপুর পূর্বপাড়া সামাজিক গোরস্থানে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৮। | তেলিগাতী | গাতীপাড়া রাস্তায় আঃ কাদিরের ক্ষেতের নিকট ইউ-ড্রেন নির্মাণ। | ৮০০০০.০০ | টেন্ডার |
| ৯। | তেলিগাতী | টেংগা বাবুলের বাড়ীর পার্শ্বে খালে ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১০। | তেলিগাতী | কামারগাতী রাস্তায় রবির বাড়ির পার্শ্বে খালে ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ৮০০০০.০০ | টেন্ডার |
| ১১। | তেলিগাতী | মঙ্গলসিদ্ধ ফৌজদার মিয়ার বাড়ির পার্শ্বে বিকাশ চন্দ্র বিশ্ব শর্মার ক্ষেতের নিকট ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ৮০০০০.০০ | টেন্ডার |
| ১২। | তেলিগাতী | বাদেবড়তলী রাস্তায় একদিল মাস্টারের বাড়ির পিছনে ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ৮০০০০.০০ | টেন্ডার |
| ১৩। | তেলিগাতী | বিজয়পুর ঈমান আলীর বাড়ির পার্শ্বে খালে ১টি ইউ-ড্রেন নির্মাণ। | ৮০০০০.০০ | টেন্ডার |
| ১৪। | দুওজ | ইকরাটিয়া জনাব সাইদুল হক তালুকদার সাহেবের ক্ষেতের পাকা রাস্তার সীমানা হতে জনাব আজিজুল হক তালুকদার সাহেবের বাড়ি পর্যন্ত রাস্তা পাকা করণ। | ৩৯০০০০.০০ | টেন্ডার |
| ১৫। | সুখারী | হাতিয়া আমতলা বাজার হতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ। | ২২৫০০০.০০ | টেন্ডার |
| ১৬। | সুখারী | নাজিরগঞ্জ সলিং রাস্তা হতে বীর মুক্তিযোদ্ধা আব্দুস সালাম মাষ্টার সাহেবের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ২২৬০০০.০০ | টেন্ডার |
| ১৭। | সুখারী | সুখারী ইউনিয়নে সোনাকানিয়া মর্তুজ আলীর বাড়ীর উত্তর পার্শ্বে হালটে ইউ-ড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১৮। | | প্রকল্প তদারকী ব্যয়। | ৮০০০০.০০ | |
| | | মোট= | ৩৭৯৩০০০.০০ | |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, পূর্বের আশ্রয়ন-২ প্রকল্পে বিতরণ করা ঋণ মার্চ/২০২৩ খ্রি. মাসে ৬২০০/- টাকা আদায়করা হয়েছে। আশ্রয়ন-২ এর আওতায় পূণর্বাসিত পরিবারের সদস্যদের নিয়ে ভরতোষী আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য আশ্রয়নে বসবাসকারীদের নিয়ে সমবায় সমিতি গঠনের প্রক্রিয়া চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায়ে কার্যক্রম চলমান। খেলাপী ঋণ আদায়ের তাগাদা নোটিশ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পরিবার পরিকল্পনা ভিবাগের নিজস্ব ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ১৫ শতাংশ জায়গা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত স্কুল ও মাদ্রাসাসমূহ পরিদর্শন করতে হাবে। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ভিডব্লিউবি'র কার্যক্রম ২০১৯-২০২০ এবং ২০২১-২০২২ চক্রের তালিকা সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় সম্পন্ন হয়েছে। তিনি জানান যে, আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম বর্তমানে স্থগিত করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের নতুন ব্যাচের কার্যক্রম চলমান আছে। নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়রম্যান ইউপি (সকল)। |
| ১৫. | **উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, মুজিববর্ষ উপলক্ষ্যে আশ্রয়ন-২ প্রকল্পের মাধ্যমে আটপাড়া উপজেলায় নির্মিত ঘরসমূহের বসবাসকারীদের জন্য নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের WATSON কমিটির ইতোমধ্যে মিটিং হয়েছে। দ্রুত স্থান তালিকা দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম ৮০% সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া** সহকারী জেনারেল ম্যানেজার অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮ | **তথ্যসেবা বিভাগ,(তথ্যআপা), আটপাড়া:** তথ্যআপা কর্মকর্তা সবায় জানান যে, ডোর টু ডোর কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। গত মার্চ/২০২৩ মাসে ০২ (দুই) টি উঠান বৈঠক করার হয়েছে এবং নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। তথ্য কেন্দ্রে চাকরির আবেদন, প্রেসার পরিমাপ, ডায়বেটিকস পরীক্ষা, ওজন ও উচ্চতা পরিমাপ করা হচ্ছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

<u>০৩ (১)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নের (EGPP+) কর্মসূচির কাজ চলমান আছে। আটপাড়া-বারহাট্টা রোডে লাঙ্গালিয়া স্থানে একটি গাছ হেলে আছে, গাছটি যে কোন সময় পরে যাওয়ার সম্ভাবনা রয়েছে তাই উক্ত গাছটি কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

<u>০৩(২)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই, ক্লিনিক স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

<u>৩ (৩)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে কর্মকর্তা/কর্মাচারী না থানায় ক্লিনিকটি বন্ধ আছে। লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে CHCP পদায়নের মাধ্যমে ক্লিনিকটি চালু কারার জন্য অনুরোধ করেন।

<u>০৩ (৪) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৫)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, হাসপাতালে ডাক্তার স্বল্পতার জন্য রোগিরা নিয়মিত সঠিক চিকিসা পাচ্ছে না। ইমার্জেন্সিতে ডাক্তার পাওয়া যায়না। হসাপাতালে ডাক্তারের শূন্য পদ পুরনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| **০১.উপজেলা কমিটির সভা:** উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের ১৭টি উপজেলা কমিটি রয়েছে। উক্ত কমিটি গুলির নীতিমালা অনুযায়ী পুনর্গঠন (পরিশিষ্ট 'ক') করা হয়। | উপজেলা কমিটি সমূহের সভা করে সভার কার্যবিবরণী নিয়মিতভাবে প্রেরণের জন্য কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ভাইস চেয়ারম্যানগণ/ উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ইউপি চেয়ারম্যানগণ |
| ০২. মহান স্বাধীনতা দিবস/২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মহান স্বাধীনতা দিবস/২০২৩ উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা |
| ০৩. বাংলা ১৪৩০ সনে এ উপজেলা হাট-বাজারসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বিজ্ঞপ্তি দৈনিক যায়যায়দিন, তেজগাঁও, ঢাকা এর বিল ৪১,০০০/- (একচল্লিশ হাজার) টাকা, দৈনিক বাংলার দর্পণ, নেত্রকোণা এর বিল ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা এবং আনুষঙ্গিক ব্যয় ১৫,০০০/-(পনের হাজার) টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, বাংলা ১৪৩০ সনে এ উপজেলা হাট-বাজারসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বিজ্ঞপ্তি দৈনিক যায়যায়দিন, তেজগাঁও, ঢাকা এর বিল ৪১,০০০/- (একচল্লিশ হাজার) টাকা, দৈনিক বাংলার দর্পণ, নেত্রকোণা এর বিল ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা এবং আনুষঙ্গিক ব্যয় ১৫,০০০/-(পনের হাজার) টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা-২০১১ অনুযায়ী রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা |

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ক) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র নভেম্বর২০/২২ হতে মার্চ/২০২৩ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র নভেম্বর২০/২২ হতে মার্চ/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা প্রদানের বিষয়ে সভায় আলেচনা করা হয়। | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র নভেম্বর২০/২২ হতে মার্চ/২০২৩ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র নভেম্বর২০/২২ হতে মার্চ/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ঈদ-উল-ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৩/২৩

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা